

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-৪ শাখা

আদেশ

তারিখ, ২৬ ডিসেম্বর ২০০২

বিষয় : ঢাকা স্টক এক্সচেঞ্জ এর তালিকাভুক্ত পাবলিক লিঃ কোম্পানীর মধ্য থেকে ফুয়েল এন্ড পাওয়ার সেক্টরের ৫ (পাঁচ) টি এবং জুট সেক্টরের ৬ (ছয়) টি কোম্পানীতে কস্ট অডিট প্রথা প্রবর্তন।

নং বাম/অবা-৪/১৭/৮৭(অংশ)/৬—কোম্পানী আইন, ১৯৯৪ এর ২২০ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা স্টক এক্সচেঞ্জ এর তালিকাভুক্ত ৮টি সেক্টরের পাবলিক লিঃ কোম্পানীর মধ্য থেকে সরকার—

(ক) ফুয়েল এন্ড পাওয়ার সেক্টরের ৫(পাঁচ) টি যথাঃ

- (১) বিওসি বাংলাদেশ লিঃ
- (২) পদ্মা অয়েল কোং লিঃ
- (৩) ইস্টার্ন লুব্রিকেন্টস রেন্ডার্স লিঃ

(১৬৩)

মূল্য : টাকা ১.০০

- (৪) ন্যাশনাল অক্সিজেন লিঃ
- (৫) বাংলাদেশ ওয়েল্ডিং ইলেকট্রোডস লিঃ
এবং
- (খ) জুট সেটরের ৬ (ছয়) টি যথা :
- (১) জুট স্পিনার্স লিঃ
- (২) নর্দার্ন জুট ম্যানুফেকচারিং কোং লিঃ
- (৩) সোনালী আঁশ ইন্ডাস্ট্রিজ লিঃ
- (৪) সালেহ কার্পেট মিলস লিঃ
- (৫) মিউচুয়েল জুট স্পিনার্স লিঃ
- (৬) ইসলাম জুট মিলস লিঃ

এই মোট ১১ টি কোম্পানীতে কস্ট অডিট প্রথা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

২। অতএব, কোম্পানী আইন, ১৯৯৪ এর ২২০ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই মর্মে আদেশ জারী করিতেছে যে, উপরে বর্ণিত মোট ১১ (এগার) টি কোম্পানী কর্তৃক কোম্পানী আইন, ১৯৯৪ এর ১৮১(১) ধারার বিধান অনুযায়ী সংরক্ষিত হিসাব নিকাশ ৩০শে জুন ২০০১ তারিখে সমাপ্ত বছর হইতে অথবা উক্ত তারিখের পরে যে কোন তারিখে সমাপ্য বছর হইতে প্রত্যেক আর্থিক বৎসরের হিসাব ও হিসাবের বইপত্র কস্ট অডিট (রিপোর্ট) বিধিমালা, ১৯৯৭ (এস, আর, ও নং ২৬৫-আইন/৯৭ তারিখ ১৮/১১/১৯৯৭) এর বিধান অনুযায়ী কস্ট অডিটর, যিনি একজন “কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট”, দ্বারা নিরীক্ষা করা হইতে হইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম গোলাম মোস্তফা

উপ-সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।